

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৯৩৬

পরিচ্ছেদঃ ১০. তৃতীয় অনুচ্ছেদ - অংশীদারিত্ব ও ওয়াকালাহ্ (দায়িত্ব প্রদান)

### আরবী

عَن صُهَيْبٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: ثَلَاثٌ فِيهِنَّ الْبَرَكَةُ: الْبَيْعُ إِلَى أَخِلِ والمقارضة واخلاط الْبُرِّ بِالشَّعِيرِ لِلْبَيْتِ لَا لِلْبَيْعِ . رَوَاهُ ابْنُ مَاجَه

#### বাংলা

২৯৩৬-[৭] সুহায়ব আর্ রামী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তিন প্রকার বিষয়ে বরকত রয়েছে- অঙ্গীকারের উপর বিক্রি করা (নির্দিষ্ট সময় পর্যন্ত), ভাগে বা শারীকে ব্যবসা-বাণিজ্য করা এবং ঘরের কাজে গমের সাথে যব মেশানো, বিক্রির উদ্দেশে নয়। (ইবনু মাজাহ)[1]

## ফুটনোট

[1] খুবই দুর্বল : ইবনু মাজাহ ২২৮৯, য'ঈফ আল জামি' ২৫২৫। কারণ এর সনদে নাসর ইবনুল কসিম মাজহূল রাবী আর সালিহ মাজহূলুল হাল।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَيهِنَّ الْبَرَكَةُ) থেকে উদ্দেশ্য হলো তিনটি বৈশিষ্ট্য, (فِيهِنَّ الْبَرَكَةُ) তাতে বরকত আছে, অর্থাৎ তাতে অনেক কল্যাণ আছে,

(الْبَيْعُ إِلَى أَجَل) অর্থাৎ- মূল্যের ক্ষেত্রে ক্রেতা ব্যক্তিকে অবকাশ দেয়া যার ফলে অফুরন্ত সাওয়াব ও সুন্দর
গুণকীর্তন ধার্য করা হয়।

الْمُقَارَضَةُ) লাভ-ক্ষতির অংশীদারিত্বভিত্তিক যৌথ ব্যবসা। ত্বীবী (রহঃ) বলেনঃ অন্যকে দেয়ার জন্য ব্যক্তি নিজ সম্পদ হতে কিছু আলাদা করা, যাতে সে ব্যক্তি ঐ সম্পদ কাজে খাটিয়ে লাভ করতে পারে এবং লভ্যাংশ উভয়ে বন্টন করে নিতে পারে। এতে অল্পতুষ্টি ও পণ্য বৃদ্ধির প্রতি লোভ না করার প্রতি ইঙ্গিত রয়েছে।



(اِخْلَاطُ الْبُرِّ بِالشَّعِيرِ) অর্থাৎ- "জীবিকা পূর্ণতার উদ্দেশে যবের সাথে গম মিশ্রিত করা।" যা আল্লাহ তা আলার বাণী থেকে প্রমাণিত। إِذَا أَنْفَقُواْ لَمْ يَشْرِفُواْ وَكَانَ بَيْنَ ذَٰلِكَ قَوَامًا "আর যারা যখন খরচ করে তখন সীমালজ্ঘন করে না, কার্পণ্য করে না এবং এর মাঝেই স্থির।" এ বাণী হতে গৃহীত। (সূরা আল ফুরকান ২৫: ৬৭)

ইমাম ত্বীবী (রহঃ) বলেনঃ তিনটি বৈশিষ্ট্যের মাঝে নিজ অধিকারে ছাড় দেয়ার প্রমাণ রয়েছে। তিনটি বৈশিষ্ট্য হতে প্রথম দু'টির উপকারিতা অন্যের দিকে বর্তায়, আর তৃতীয়টিতে নিজের দিকে। হাদীসে (لِلْبَيْتِ لَا لِلْبَيْتِ لِلْالْفِيْتِ لَا لِلْبَيْتِ لِلْالْفِيْتِ لِلْالْفِيْتِ لَا لِلْبَيْتِ لِلْالْفِيْتِ لِلْالْفِيْتِ لِلْفِيْتِ لِيَعْلِيْكِ لِلْفِيْتِ لِلْفِيْتِ لِلْفِيْتِ لِلْفِيْتِ لِلْفِيْتِ لِلْفِيْتِ لِلْفِيْقِ لِلْفِيْتِ لِلْفِيْتِ لِلْفِيْتِ لِلْفِيْقِ لِلْفِيْقِ لِلْفِيْتِ لِلْفِيْتِ لِلْفِيْقِ لِلْفِيْقِ لَالْمِ لَالْفِيْقِ لِلْفِيْتِ لِلْلْفِيْقِ لِلْفِيْقِ لِلْفِيْفِي لِلْفِي لِلْفِيْفِي لِلْفِيْفِي لِلْفِيْفِي لِلْفِيْفِي لِلْفِيْفِي لِلْفِيْفِي لِلْفِيْفِي لِلْفِيْفِي لِلْفِيْفِي لِلْفِي لِلْفِي لِلْفِيْفِي لِلْفِي لِلْفِيْفِي لِلْفِي لِلْفِيْفِي لِلْفِي لِلْفِي لِلْفِيْفِي لِلْفِي لِلْفِي لِلْف

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ সুহায়ব আর্ রূমী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন